

শিক্ষামূলক সিরিজ

জনশ্রুতি বনাম সত্য তথ্য (1)

Covid-19 ভাইরাস কেস বৃদ্ধি পাচ্ছে। নতুন পাওয়া ভ্যাকসিন সম্পর্কিত প্রশ্ন জনমনে বাড়ছে।

CASSA-এর Covid-19 ভ্যাকসিন শিক্ষা সিরিজ সেই প্রশ্নের উত্তর দিবে।

জনশ্রুতি 1: ভ্যাকসিন থেকে কি আমার কোভিড-১৯ হতে পারে?

কোভিড-১৯ ভ্যাকসিনগুলি সংক্রামক নয়। যেহেতু তাদের মধ্যে জীবিত ভাইরাস নাই তাই তারা সংক্রমণের ঝুঁকি বহন করেনা। জ্বর, শরীরে ব্যাথা বা ক্লান্তি আকারে কিছু পার্শ্ব প্রতিক্রিয়া থাকতে পারে তবে এগুলো যেকোনো ভ্যাকসিনের পক্ষে স্বাভাবিক।

জনশ্রুতি 2: কোভিড-১৯ ভ্যাকসিনে একটি ট্র্যাকিং ডিভাইস অন্তর্ভুক্ত।

ভ্যাকসিনগুলোতে কোনও ট্র্যাকিং ডিভাইস, ধাতব টুকরা বা মাইক্রোচিপ নেই।

জনশ্রুতি 3: ভ্যাকসিন পাওয়ার পরে, মাস্ক পরতে হবেনা বা সামাজিকভাবে

আর দূরে থাকতে হবেনা।

ভ্যাকসিন দেয়ার পরেও আমাদের শারীরিক দূরত্ব বজায় রাখা এবং মাস্ক পড়তে হবে। এখনি প্রত্যেকেই টিকা দেওয়া হবেনা এবং সংখ্যাগরিষ্ঠ জনগণের টিকা না দেওয়া পর্যন্ত সংক্রমণ সম্ভব। সুতরাং শারীরিক দূরত্ব বজায় রাখা, মুখে মাস্ক পড়া এবং নিয়মিত হাত ধুয়া বা স্যানিটাইজাইং করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

জনশ্রুতি 4: যদি আমি ভ্যাকসিনটি গ্রহণ করি তবে আমি কোভিড-১৯ এর জন্য পসিটিভ পরীক্ষা করব।

কোভিড-১৯ ভ্যাকসিন দেহে কোনও জীবিত ভাইরাস দেয়না। যেহেতু কোভিড-১৯ নির্ধারণের জন্য পরীক্ষাগুলি কোভিড-১৯ ভাইরাস উপস্থিতি পরীক্ষা করে, পরীক্ষার ফলাফল পসিটিভ হবেনা। যদি পরীক্ষাটি পসিটিভ হয় তবে এর কারণ হল যে ব্যক্তিটি ভ্যাকসিন পাওয়ার আগে ভাইরাসে সংক্রামিত হয়েছিল এবং তাই তখন তাদের ইমিউন সিস্টেম তাদের শরীরকে সম্পূর্ণরূপে রক্ষা করার সময় পায় নি।

কোভিড-১৯ ভ্যাকসিন সম্পর্কে আরও জানতে চান? আরও জানতে apnahealth.org ভিসিট করুন।

জনস্বাস্থ্য অন্টারিও থেকে প্রাপ্ত তথ্য।